প্রথম আলো

তারিখ 4 MAY 2017
পৃষ্ঠা ১৬

# সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচন ২২ মে

## ঢাকা বিশ্ববিদ্যালয়

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে ৩৫ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচন ২২ মে অনুষ্ঠিত হবে। ১১ মে বেলা একটার মধ্যে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের কাছে নির্বাচনের মনোনয়নপত্র সংগ্রহ ও জমা দেওয়া যাবে।

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, ২২ মে সকাল নয়টা থেকে বেলা একটা পর্যন্ত নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ভোট গ্রহণ চলবে। নির্বাচন পরিচালনা করবেন কোষাধ্যক্ষ অধ্যাপক মো. কামাল উদ্দীন।

ভোটার তালিকার কপি এবং মনোনয়নপত্র সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান বা ইনস্টিটিউটের পরিচালকের কাছ থেকে সংগ্রহ করতে বলা হয়েছে। ১৪ মে বেলা একটার মধ্যে কোনো প্রার্থী লিখিত পত্রের মাধ্যমে তাঁর মনোনয়নপত্র প্রত্যাহার করতে পারবেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর